



“প্রকৃত একীভূতকরণ হল যে দেশে তোমরা বসবাস কর সে দেশকে
ভালোবাসা” – আহমদীয়া মুসলিম জামাত প্রধান
Sveriges Television কর্তৃক হযরত মির্যা মসরুর আহমদ (আই.)
এর সাক্ষাৎকার গ্রহণ



১১ই মে ২০১৬, সুইডেনের মালমো তে অবস্থিত মাহমুদ মসজিদে আহমদীয়া মুসলিম জামা 'তের বিশ্ব প্রধান, পঞ্চম খলীফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর সাক্ষাৎকার গ্রহণ করে সুইডিশ টিভি Sveriges Television।

সাক্ষাৎকার চলাকালে ছয়রকে নবনির্মিত ‘মাহমুদ মসজিদ’, অভিবাসীদের একীভূতকরণ ও সন্ত্রাসবাদ ও যুবক সম্প্রদায়ের মাঝে মৌলবাদের উত্থান সম্পর্কে প্রশ্ন করা হয়।

মালমোতে আহমদীয়া মুসলিম সম্প্রদায় কেন মসজিদ নির্মাণ করেছে এ প্রশ্নের উত্তরে ছয়র (আই.) বলেন:

“পবিত্র কুর’আন বলে যে মনুষ্যজাতির তাদের সৃষ্টিকর্তার ইবাদত করা উচিত এবং তাই আমরা মানুষকে মহান আল্লাহতা’আলার ইবাদতের জন্য একত্রিত করার উদ্দেশ্যে এ মসজিদ নির্মাণ করেছি। আহমদী মুসলিমরা আল্লাহতা’আলার ইবাদত করার জন্যে দিনে পাঁচবার এ মসজিদে আসবে এবং শুক্রবারে সাপ্তাহিক ইবাদত এখানে এসে করবে”

মসজিদ সম্পর্কে বলতে গিয়ে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“এই মসজিদটি অত্যন্ত সুন্দর এবং আমি আশা করি যে স্থানীয় সুইডিশরা তাদের পরিবেশে এটিকে একটি ইতিবাচক সংযোজন হিসেবে গ্রহণ করবেন”

হযরত আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের পরিচিত আদর্শবাণী “ভালবাসা সবার তরে, ঘৃণা নয় কারো ‘পরে” সম্পর্কে জিজ্ঞাসা করা হয়।

এর উত্তরে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“ভালবাসা সবার তরে, ঘৃণা নয় কারো ‘পরে” প্রকৃত অর্থে পবিত্র কুর’আনের শিক্ষা কেননা ইসলাম মানে শান্তি এবং সকল মানুষের জন্যে ভালবাসা। এভাবে আমরা কাউকে আমাদের শত্রু মনে করি না এবং কোন ব্যক্তির ক্ষতিরও ইচ্ছা রাখি না”

দায়েশ এর মত সন্ত্রাসবাদী সংগঠন এর কর্মকাণ্ড সম্পর্কে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“যে কেউ কোন চরমপন্থী কর্মকাণ্ডের ধর্মীয় উপদেশ দেয় অথবা প্রচার ঘটায় সে ইসলামের প্রকৃত শিক্ষার একেবারে পরিপন্থী কাজ করে এবং সে নিন্দার পাত্র। আমরা আহমদী মুসলিমরা শান্তিপ্রিয় এবং তাই কোন আহমদী মুসলমানের কোন চরমপন্থী সংগঠনের সাথে যুক্ত হওয়ার কোন ইচ্ছা নাই। আমরা আমাদের আমাদের সন্তানদের বাল্যকাল থেকে শান্তিপ্রিয় হওয়াকে তাদের ধর্মীয় বিশ্বাসের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে শিক্ষা দিই”

অভিবাসীদের পশ্চিমা সমাজে একীভূতকরণ প্রসঙ্গে হযরত মির্যা মসরুর আহমদ বলেন:

“আমার কাছে সত্যিকারের একীভূতকরণের অর্থ এই যে তুমি যে দেশে বসবাস করো সে দেশকে ভালবাস এ এর প্রতি পরিপূর্ণ বিশ্বস্ততা প্রদর্শন কর। সুতরাং সকল অভিবাসীকে আশ্রয়প্রাপ্ত দেশের প্রতি বিশ্বস্ত হতে হবে, তাদের সত্যিকার অর্থে সে দেশকে ভালবাসতে হবে, তাদের সে দেশকে সম্মান করতে হবে, তাদের আইন মান্যকারী হতে হবে এবং এর সফলতা ও উন্নতির জন্যে কাজ করে যেতে হবে। এটা হল একীভূতকরণ।”

আহমদী মুসলিমরা ইউরোপে বিশেষভাবে হুমকির শিকার কিনা, এ প্রশ্নের জবাবে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“দায়েশ ও অন্যান্য সন্ত্রাসী সংগঠনের হুমকির কারণে, সকল মানুষ ঝুঁকির মুখে পড়ে আ ছে এবং সাধারণভাবে শান্তি এখন হুমকির মুখে। তবে এমন কিছু মানুষও রয়েছে যা বিশেষ ভাবে আহমদী মুসলিমদের ক্ষতি করতে চায় আর তাই আমাদের সজাগ থাকতে হবে।”